

করোনা দুর্যোগ মোকাবেলায় সমাজসেবা অধিদফতরের চাইল্ড হেল্পলাইন ১০৯৮

বাংলাদেশ চাইল্ড হেল্পলাইন ১০৯৮ সার্বক্ষণিকভাবে শিশু সুরক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। করোনা ভাইরাসের বৈশ্বিক সংক্রমণজনিত পরিস্থিতিতে বর্তমানে বাংলাদেশ একটি ঝুঁকিপূর্ণ সময় অতিবাহিত করছে। শুরু থেকেই চাইল্ড হেল্পলাইন ১০৯৮ করোনা সংক্রমণজনিত ঝুঁকির বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছে। পাশাপাশি বাংলাদেশে করোনা ভাইরাসের মতো নতুন একটি ভাইরাসের সংক্রমণ মোকাবেলায় চাইল্ড হেল্পলাইনের করণীয় কি হতে পারে- এ বিষয়টি আমাদের সাধারণ নাগরিকদের সুরক্ষায় উদ্যোগী হতে তৎপর করে তোলে। তাই জাতীয় কর্মসূচি পরিচালক, চাইল্ড হেল্পলাইন ১০৯৮ এর নির্দেশনা অনুযায়ী আমরা তিনটি বিকল্প কর্মপরিকল্পনা তৈরি করেছি যা পরিস্থিতি বিবেচনাক্রমে বাস্তবায়ন করা হবে। প্রথমেই আমরা চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এর সাথে যুক্ত সকল কর্মীবৃন্দকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন অনুযায়ী করোনা ভাইরাস মোকাবেলায় করণীয় সম্পর্কে সচেতন করা হয়েছে।

বর্তমান সংকটময় পরিস্থিতিতে নির্ভরযোগ্য সুত্র হতে করোনা ভাইরাস মোকাবেলায় সঠিক তথ্যটি দ্রুত হাতের কাছে পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। করোনা ভাইরাসের সংক্রমণ সম্পর্কে সাধারণ নাগরিকদের মাঝে অনেক প্রশ্ন ও কৌতুহল রয়েছে। বিষয়টি বিবেচনায় চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এর শিশু সুরক্ষা কার্যক্রমের পাশাপাশি করোনা ভাইরাস সম্পর্কে নাগরিকদের প্রশ্নের যাবতীয় উত্তর প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে।

সকল শ্রেণীর নারী-পুরুষ এবং শিশুরা চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এর টোল ফ্রি হটলাইন নম্বরে করোনা ভাইরাস সম্পর্কে বিভিন্ন প্রশ্ন ও কৌতুহলের উত্তর পেতে ফোন করছেন। মনে রাখতে হবে যে, চাইল্ড হেল্পলাইন ১০৯৮ হতে করোনা ভাইরাস সম্পর্কে কোন চিকিৎসা সংক্রান্ত উপদেশ বা পরামর্শ প্রদান করা হয় না, বরং করোনা ভাইরাস সম্পর্কে সাধারণ তথ্যমূলক উত্তর এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা নির্দেশিত করণীয় তথ্যসেবা প্রদান করা হয়। এর পাশাপাশি করোনা ভাইরাস সংক্রমণের কারণে মানসিকভাবে চাপের শিকার নারী ও শিশুদের কাউন্সিলিং এর মাধ্যমে মনোসামাজিক পরিষেবা প্রদান করা হচ্ছে।

চাইল্ড হেল্পলাইন ১০৯৮ হতে করোনা মোকাবেলায় প্রদত্ত সেবাসমূহঃ

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্দেশিত করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধের উপায় সম্পর্কে তথ্য প্রদান;
- করোনা ভাইরাসের চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন হটলাইন নম্বর সম্পর্কে তথ্য প্রদান;
- কাউন্সিলিং সেবা প্রদান;
- লকডাউন পরিয়ন্তে ঘরে শিশুদের লালন ও পরিচর্যায় করণীয় সম্পর্কে তথ্য প্রদান;
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধন;
- জরুরি অ্যান্সুলেন্স সেবা প্রদান বিষয়ে সমন্বয় সাধন।

করোনা মোকাবেলায় চাইল্ড হেল্পলাইনের সেবা প্রদানের পদ্ধতিঃ (২৫ মার্চ ২০২০ থেকে অদ্যবধি)

- ২৪ ঘণ্টা জরুরি সেবা প্রদানের জন্য করোনা পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ৪ জন ফ্যাসিলিটেটর ডিউটি রোস্টারের ভিত্তিতে সার্বক্ষণিকভাবে চাইল্ড হেল্পলাইন সেন্টারে অবস্থান করছেন;
- ১৬ জন ফ্যাসিলিটেটর ও কাউন্সেলর বর্তমানে বাসায় অবস্থান করে সার্বক্ষণিক এ সংক্রান্ত কল গ্রহণ করছেন এবং কল ফরওয়ার্ডিং পদ্ধতিতে সেবা প্রদান করছেন;
- হেল্পলাইন ম্যানেজারের মাধ্যমে সার্বক্ষণিকভাবে সেবা প্রদানের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে এবং প্রযোজ্য কলগুলো বর্তমানে বাসা থেকে সেবা প্রদানকারী ফ্যাসিলিটেটরদের কাছে কল স্থানান্তর করা হচ্ছে ।

চাইল্ড হেল্পলাইন ১০৯৮ এর ১০ দিনের কল সংক্রান্ত পরিসংখ্যান

(২৫ মার্চ ২০২০ থেকে ৩ মার্চ ২০২০ পর্যন্ত)

ক্রম	তারিখ	কল গ্রহণের সংখ্যা
০১	২৫ মার্চ ২০২০	২১৭০
০২	২৬ মার্চ ২০২০	২২১৪
০৩	২৭ মার্চ ২০২০	১৯৯৭
০৪	২৮ মার্চ ২০২০	১৮৫৩
০৫	২৯ মার্চ ২০২০	১৬৫৮
০৬	৩০ মার্চ ২০২০	১৫৪৯
০৭	৩১ মার্চ ২০২০	১৭৯৪
০৮	০১ এপ্রিল ২০২০	১৬৪৫
০৯	০২ এপ্রিল ২০২০	১৬০৫
১০	০৩ এপ্রিল ২০২০	১৪১২
	মোট	১৭৮৯৭ টি

